

নং-৪৬.০০.৭২০০.০৪২.১৪.০১৩.১৭.৬৭৬

তারিখঃ ২৭ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
৩০ মে ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে নেত্রকোণা জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

- সূত্রঃ ১) নেত্রকোণা জেলা পরিষদের স্মারক নং- জেপনে/প্রঃ/৫৩৮, তারিখঃ ২৮/১১/২০১৭।
২) নেত্রকোণা জেলা পরিষদের স্মারক নং- জেপনে/প্রঃ/১৫৩, তারিখঃ ১৫/৩/২০১৮।


২০১৭-২০১৮ অর্থবছরে নেত্রকোণা জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫,৫০,০০,০০০/- (পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ) টাকায় গৃহীত ২৮০টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-২০৯, ২২৮, ২২৯, ২৬৪, ২৬৫ এ বর্ণিত প্রকল্পসমূহ ব্যতীত ৫,৪১,০০,০০০/- (পাঁচ কোটি একচল্লিশ লক্ষ) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ২৭৫টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) পিপিআর ২০০৮- এর বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) ৫.০০ লক্ষ বা তদূর্ধ্ব টাকার প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, নেত্রকোণা কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৩) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৬) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ নেত্রকোণা এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে;
- ৭) নলকূপসমূহ ব্যক্তির বাড়িতে স্থাপন না করে সর্বসাধারণ যাতে সুপেয় পানির সুবিধা ভোগ করতে পারে এরূপ স্থানে স্থাপন করতে হবে;
- ৮) উপপরিচালক, স্থানীয় সরকার নেত্রকোণা, জেলা পরিষদের চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব, এর উপস্থিতিতে প্রশিক্ষণ প্রাপ্তদের মাঝে সেলাই মেশিন বিতরণ করতে হবে; এছাড়া বিতরণ শেষে উপকার ভোগীদের নামের তালিকা জাতীয় পরিচয়পত্রসহ একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে;
- ৯) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দকৃত অর্থের বন্টন, বরাদ্দকৃত অর্থ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১৬ তারিখের ২২৬০ নং স্মারকের পরিপত্রটি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২। ১,০০,০০০/- (এক লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-২০৯ এ বর্ণিত প্রকল্পটি কিডারগার্টেন স্কুলের উন্নয়ন সংক্রান্ত, ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকা ক্রমিক নং-২২৮, ২২৯, ২৬৪, ২৬৫ এ বর্ণিত প্রকল্পসমূহ পরিবারিক কবরস্থানের উন্নয়ন সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নেত্রকোণা।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।